

পঞ্চশর শীর্ষক নিরুৎপাদন  
রোহণ কুদ্দুস

বিকল্প শব্দে আমি প্রেতসিদ্ধ পুং  
ছেড়ে আসা জামায় কৌশলী ক্লীব

‘কী দিয়েছো আমায়?  
তোমার মুখ চেয়ে সয়ে আসা  
সংসারই বা কী দিল?’

কী লিখব? খড়ি দিয়ে সারা শহর  
টেড়িয়েছি ঐ নামে একদা  
তবু তো ফিরে আসে কারণসর্বস্ব অতীত  
যুক্তি শৌকে  
মুখপানে চায় কক্ষচ্যুত লজ্জ --  
যাপিত শয্যায় পরিবাহী বার্তাচিহ্ন

নৈঃশব্দ্য নামছে কবির পাঠঘরে  
অন্যঘরে ফুঁপিয়ে চলে সম্পূর্ণ  
হ’য়ে আসা আর একটা দাম্পত্য